

ভোটদাতার নির্দেশগ্রন্থ

কুইবেক -এর মুখ্য নির্বাচক অফিসার আপনাকে আপনার অধিকারের বিষয়ে অবহিত করছেন.

আপনি কি ভোট দিতে পারেন?

ভোট দেবার জন্য আপনাকে অবশ্যই নির্বাচনী তালিকায় নথীভুক্ত থাকতে হবে এবং নির্বাচনের দিন নিম্নলিখিত শর্তগুলি পূরণ করতে হবে :
১- অবশ্যই কমপক্ষে ১৮ বছর বয়স হতে হবে ; ২- কানাডিয়ান নাগরিক হতে হবে এবং ৩- কিউইবেকে ছয় মাসের পুরাতন স্থায়ী বাসিন্দা হতে হবে।

আপনার নাম কি নির্বাচনী তালিকায় নথীভুক্ত আছে?

এটা আপনি পরীক্ষা করে নিতে পারেন নাম নথীভুক্তি বিজ্ঞপ্তি সঙ্গে মিলিয়ে, যা আপনি বাড়িতে পেয়েছেন।

কেমন করে আপনি নির্বাচনী তালিকায় আপনার নাম নথীভুক্ত করবেন?

আপনাকে নাম নথীভুক্ত অথবা সংশোধনের আবেদন পত্র জমা দেবার জন্য সংশোধনী কার্যালয়ে যেতে হবে। আপনার আত্মীয়, স্বামী বা স্ত্রী অথবা কোনো ব্যক্তি, যিনি আপনার সঙ্গে বাস করেন, তিনি আপনার হয়ে আবেদন পত্র জমা দিতে পারেন।

আপনাকে দুটি পরিচয়পত্র আবেদনপত্রের সাথে জমা দিতে হবে, নচেৎ এটি বাতিল হয়ে যাবে।

১ম দস্তাবেজ

প্রথমটিতে অবশ্যই আপনার নাম এবং জন্মতারিখ উল্লেখ থাকতে হবে। **উদাহরণ :** জন্ম প্রমাণপত্র, স্বাস্থ্য বীমা কার্ড, কানাডিয়ান পাসপোর্ট।

২য় দস্তাবেজ

দ্বিতীয়টিতে অবশ্যই আপনার নাম এবং আপনার ঠিকানার উল্লেখ থাকতে হবে। **উদাহরণ :** ড্রাইভিং লাইসেন্স, টেলিফোন বা বিদ্যুতের বিল।

কোথায় সংশোধনী কার্যালয় অবস্থিত?

আপনি বাড়িতে যে নথীভুক্তির বিজ্ঞপ্তি পেয়েছেন সেটিতেই উল্লেখ আছে সংশোধনী কার্যালয়ের ঠিকানা, খোলা থাকার দিন এবং সময়।

অতিরিক্ত দেয়ী ?

যদি আপনি নাম নথীভুক্ত অথবা সংশোধনের আবেদন পত্র জমা সংশোধনী সময়ের শেষে হয় তাহলে অবশ্যই আপনাকে নির্বাচন আধিকারিকের সাথে যোগাযোগ করতে হবে। তিনি আপনাকে বিশেষ সংশোধনী কার্যালয় সম্বন্ধে এবং তার ঠিকানা বলে দেবেন। তখন কেবলমাত্র নির্বাচক নিজে, **নিজের আবেদন পত্র** জমা দিতে পারবেন।

মনোযোগ দিন ! নির্বাচনী তালিকায় কোনো নতুন নথীভুক্ত নাম, যেটা বিশেষ সংশোধনী সময়ে শেষ হয়েছে, সেই ব্যক্তি কেবলমাত্র নির্বাচনের দিন ভোট দিতে পারবেন, আগাম নির্বাচনে নয়।

কোথায় এবং কখন আমি ভোট দিতে যাব?

নির্বাচনের দিনের কিছু আগে আপনি এক স্মারকপত্র পাবেন, সেখানে আপনি কখন এবং কোথায় ভোট দেবেন তার উল্লেখ থাকবে। নির্বাচনের দিন সকাল ৯.৩০ থেকে রাত্রি ৮ -র মধ্যে নির্দিষ্ট ঠিকানায় পৌঁছে যাবেন। আপনি আগাম ভোটগ্রহণের সময়ও ভোট দিতে পারেন। আপনি বাড়িতে যে নথীভুক্তির বিজ্ঞপ্তি পেয়েছেন সেটিতেই উল্লেখ আছে আগাম ভোটগ্রহণ কেন্দ্রের ঠিকানা, খোলা থাকার দিন এবং সময়।

সংবাদ: ভোট দেবার জন্য আপনি আর মাত্র পাঁচ দিন পারেন

আপনি ভোটদানের দিনে অথবা অগ্রীম ভোটদানের দিনগুলিতে ভোট দিতে পারবেন না? আপনার রিটার্নিং অফিসারের অফিসে অথবা নির্ধারিত অফিসগুলির কোন একটিতে আপনার ভোট দেবার অধিকার প্রয়োগ করার জন্য আপনার কাছে আর মাত্র পাঁচ দিন সময় আছে।

আপনার ভোটদান কেন্দ্র কোন দিনগুলিতে এবং কোন সময়ে খোলা থাকবে তা জানতে হলে, অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট দেখুন অথবা আমাদের তথ্য কেন্দ্রের সাথে যোগাযোগ করুন।

কেমন করে ভোট দেবেন

ধাপ ১ নির্বাচনী আধিকারিক, নির্বাচনী তালিকায় আপনার নাম অন্তর্ভুক্ত আছে কিনা পরীক্ষা করে দেখবেন।

ধাপ ২ আপনি আপনার পরিচয়ের সপক্ষে একটি পরিচয়পত্র দাখিল করবেন।

ধাপ ৩ আপনাকে একটি ব্যালটপত্র দেওয়া হবে।

ধাপ ৪ আপনি বুঝ যান, যেখানে গুপ্তভাবে আপনি আপনার পছন্দ জানাতে পারবেন। মুখ্য নির্বাচনী আধিকারিক আপনাকে যে ব্যালটপত্রটি দেবেন, সেটিতে পেন্সিল দিয়ে কেবলমাত্র একটি গোল চিহ্ন দিন।

ধাপ ৫ ভোট দেবার পর টেবিলে ফিরে আসুন।

ধাপ ৬ নিজেই আপনার ব্যালটপত্রটি ব্যালট বাক্সে জমা দিন।

আপনি কি চলাফেরা করতে অক্ষম?

যদি আপনি স্বাস্থ্যের কারণে চলাফেরায় অক্ষম হন তাহলে আপনি আপনার স্থায়ী বাড়ীতেই ভোট দিতে পারেন। এটার জন্য আপনাকে আপনার নির্বাচনী এলাকার নির্বাচনী আধিকারিকের কাছে লিখিত আবেদনপত্র পাঠাতে হবে। যদি আপনি বাড়ী থেকেই ভোট দিতে চান, তাহলে কি করে নিবন্ধভুক্ত করা যায় তার তথ্য, মুখ্য নির্বাচনী আধিকারিকের তথ্যকেন্দ্র থেকে সংগ্রহ করতে পারেন।

কে কিউইবেকের নির্বাচন সংঘটনে ভারপ্রাপ্ত?

কিউইবেকের মুখ্য নির্বাচনী আধিকারিক, একটি নিরপেক্ষ সংস্থা, যিনি আপনাকে আপনার নির্বাচনী অধিকার প্রয়োগে সাহায্য করবেন।

আপনার কোন প্রশ্ন আছে?

- মুখ্য নির্বাচনী আধিকারিকের ওয়েব সাইট www.electionsquebec.qc.ca
- ডায়াল করতে পারেন, মুখ্য নির্বাচনী আধিকারিকের শুদ্ধহীন ফোন নম্বরে : **1 888 ÉLECTION (1 888 353-2846)**
- মুখ্য নির্বাচনী আধিকারিককে বৈদ্যুতিন ডাক (ই-মেল) পাঠাতে পারেন : info@electionsquebec.qc.ca

জরুরী বিষয়! ভোট দেবার জন্য আপনার পরিচয় প্রমাণের জন্য নিম্নলিখিত দস্তাবেজের যে কোন একটিকে দেখাতে হবে :

- 1- স্বাস্থ্য বীমা কার্ড,
- 2- ড্রাইভিং লাইসেন্স,
- 3- কানাডিয়ান পাসপোর্ট,
- 4- ভারতীয়ত্বের প্রমাণপত্র,
- 5- কানাডিয়ান বাহিনীর পরিচয়পত্র।